Diamond Harbour Women's University
M.A. 2nd Year, 3rd Semester Examination, 2023
Subject: Bengali
Paper Code: Beng/Th/3S/CC/301
সাহিত্যতত্ত্ব

সময়- ২ ঘন্টা পূর্ণমান- ৪০

যেকোনো চারটি প্রশ্নর উত্তর লেখো। ৪ x ১০ = ৪০

১. ক) তুলনামূলক আলোচনার মাধ্যমে আচার্য ভরতের ভাবনায় রসনিষ্পত্তি এবং গ্রীক দার্শনিক অ্যারিস্টটলের মতে ক্যাথারসিসের ধারণার পার্থক্যগুলি বুঝিয়ে দাও। ১০

অথবা

খ) আচার্য ভরতের মতানুসারে ব্যভিচারিভাবের ধারণাটি বিস্তারিত ভাবে উদাহরণসহ বুঝিয়ে দাও। এই প্রসঙ্গে আধুনিক বাংলা কবিতার বিচারে ব্যভিচারিভাবের গুরুত্ব বিষয়ে তোমার সুচিন্তিত মতামত জানাও। ১০

২. ক) নিচের গানটি আচার্য ভরতের রসশাস্ত্রের ধারণার নিরিখে তুমি কীভাবে ব্যাখ্যা করবে? ১০

শ্রাবণের পবনে আকুল বিষণ্ন সন্ধ্যায়
সাথিহারা ঘরে মন আমার
প্রবাসী পাখি ফিরে যেতে চায়
দূরকালের অরণ্যছায়াতলে॥
কী জানি সেথা আছে কিনা আজও বিজনে বিরহী হিয়া
নীপবনগন্ধঘন অন্ধকারে—
সাড়া দিবে কি গীতহীন নীরব সাধনায়॥
হায়, জানি সে নাই জীর্ণ নীড়ে, জানি সে নাই নাই।
তীর্থহারা যাত্রী ফিরে ব্যর্থ বেদনায়—
ডাকে তবু হৃদয় মম মনে-মনে রিক্ত ভুবনে
রোদন-জাগা সঙ্গীহারা অসীম শূন্যে শূন্যে॥

অথবা

খ) অবিবক্ষিত বাচ্য এবং বিবক্ষিতান্যপরবাচ্য ধ্বনির পার্থক্য যথাযথ উদাহরণের মাধ্যমে আলোচনা করো। ১০

৩. ক) অ্যারিস্টটল 'কাহিনী' সম্পর্কে দুটি সূত্রের উল্লেখ করেছেন – অনিবার্যতা এবং অসম্ভাব্যতা। উপযুক্ত উদাহরণ সহযোগে উক্ত বিষয়টি সম্পর্কে বিশ্লেষণ করো। ১০

অথবা

খ) প্রতীকবাদ বা Symbolism বলতে তুমি কী বোঝ? সংক্ষেপে সাহিত্যে প্রতীকবাদী আন্দোলন সম্পর্কে আলোকপাত করো। ১০

৪. ক) মার্ক্সীয় তত্ত্বের জ্ঞান সাহিত্যপাঠে কি সত্যিই সাহায্য করে? একজন সাহিত্য-পাঠক হিসেবে তোমার মত যুক্তি-সহ লেখো। ১০

অথবা

খ) সিগমুণ্ড ফ্রয়েড মানসিক যন্ত্রের যে ক্রিয়ামূলক সত্তাগুলির কথা তুলে ধরেছেন, সেগুলি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ১০

৫. ক) ছবির ষড়ঙ্গে রূপভেদ বলতে কী বোঝায়? 'চোখের পরিচয়' থেকে রূপভেদ কীভাবে ছবির 'আত্মা' হয়ে ওঠে তা বুঝিয়ে দাও। ১০

অথবা

খ) "চিত্রের উৎপত্তি, চিত্রের পরিণতি, এই দুইটিই যখন রহিল প্রাণের ভিতরে, তখন প্রাণ দিয়াই তাহাদের উভয়কে দেখিতে হয, শুধু চোখ দিয়া নয়- এমন কি যেটুকু চোখে দেখিতেছি, হাতে ধরিতে পারিতেছি তাহাকেও চোখ দিয়া দেখা শুধু নয়, হাত দিয়া ছোঁয়া শুধু নয়- প্রাণ দিয়া দেখা, প্রাণ দিয়া স্পর্শ করা।"— উদ্ধৃতাংশটি তুমি কীভাবে পড়তে চাইবে? আলোচনা করো। ১০

Diamond Harbour Women's University

M.A. 2nd Year, 3rd Semester Examination, 2023

Subject: Bengali

Paper Code: Beng/Th/3S/CC/302

বাংলা কাব্য-কবিতা পর্ব ২

সময়- ২ ঘন্টা পূর্ণমান- ৪০

নিম্নলিখিত প্রশ্নগুলির মধ্যে যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।

১. ক) 'মৃত্যুর আগে' কবিতায় কবি জীবনানন্দ দাশ কি শুধুই মৃত্যুকে প্রাধান্য দিলেন? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ১০

অথবা

খ) "বসন্তের জ্যোৎস্নায় ওই মৃত মৃগদের মতো
আমরা সবাই।"— সংশ্লিষ্ট কবিতা অনুসারে কবির এই উপলব্ধির তাৎপর্য বিশ্লেষণ করো। ১০

২. ক) সমর সেন নাগরিক কবি— এ প্রসঙ্গে তোমার অভিমত কী? যুক্তি দিয়ে সংক্ষেপে লেখো। ১০

অথবা

খ) সমর সেনের কবিতায় মধ্যবিত্ত সমাজ জীবন, মূল্যবোধের সংকট, অবক্ষয় ও নৈরাশ্য বিষাদের ছবি কীভাবে উঠে এসেছে অতি সংক্ষেপে দৃষ্টান্ত সহযোগে জানাও। ১০

৩. ক) 'দিন এসে গেছে ভাই রে— /বিদেশিরাজের প্রাণভোমরাকে/ নখে নখে টিপে মারবার,'— উদ্ধৃতাংশটি কোন্ কাব্যগ্রন্থের কোন্ কবিতা থেকে নেওয়া হয়েছে? উল্লিখিত পঙ্‌ক্তিগুলির প্রসঙ্গসূত্রে কবিতাটির গূঢ়ার্থ বিশ্লেষণ করো। ১+১+৮=১০

অথবা

খ) সুভাষ মুখোপাধ্যায়ের কবিতার আলোচনা প্রসঙ্গে রাজনৈতিক স্লোগান নির্ভরতার অভিমত প্রকাশ করা হয়। এর সঙ্গে তুমি কতোখানি সহমত পোষণ করো তা যুক্তিসহ লেখো। ১০

৪. ক) প্রাকৃতিক দুর্যোগের অভিজ্ঞতা কীভাবে ব্যঞ্জনাধর্মী কবিতার জন্ম দিতে পারে তা শঙ্খ ঘোষের কবিতা অবলম্বনে বুঝিয়ে দাও। ১০

অথবা

খ) 'রাধাচূড়া' কবিতাটির প্রেক্ষাপটের ঘটনার প্রভাব কবিতাটি পড়ার জন্য কি খুব জরুরি? একজন পাঠক হিসেবে এ বিষয়ে তোমার মতামত লেখো। ১০

৫. ক) শক্তি চট্টোপাধ্যায় তাঁর 'সে বড়ো সুখের সময় নয়, সে বড়ো আনন্দের সময় নয়' কবিতায় 'কঙ্কালের ভিতর সাদা ঘুণ, ঘুণের ভিতর জীবন, জীবনের ভিতর মৃত্যু'র যে বর্ণনা দিয়েছেন তার তাৎপর্য বিশ্লেষণ করো। ১০

অথবা

খ) কবি শক্তি চট্টোপাধ্যায় 'ও গাছ আমাকে নাও' কবিতায় গাছের ভিতর থেকে পাওয়া 'স্তব্ধতাহীন সম্প্রীতি' বলতে কী বোঝাতে চেয়েছেন তা কবিতা অবলম্বনে বুঝিয়ে দাও। ১০

Diamond Harbour Women's University
M.A. 2nd Year, 3rd Semester Examination, 2023
Subject: Bengali
Paper Code: Beng/Th/3S/CE/303A
মধ্যযুগ: পরিধি, ধারণা, পদ্ধতি, চর্চার ইতিহাস

সময়- ২ ঘন্টা পূর্ণমান- ৪০

যে কোন **চারটি** প্রশ্নের উত্তর দাও—

১। সময়সীমার নিরিখে বাংলা সাহিত্যের ইতিহাসের কোন একটি কালপর্বকে 'মধ্যযুগ' বা 'প্রাগাধুনিক' বলার সমস্যাগুলি কোথায়?— যুক্তিসহ আলোচনা করো। ১০

২। 'মধ্যযুগের' বাংলায় ধর্মের ধারণা কোথায় 'আধুনিক'-এর ধর্মচেতনার থেকে আলাদা?— মতামত জানাও। ১০

৩। মধ্যযুগের অনুবাদ সাহিত্যের মূল বৈশিষ্ট্যগুলি কী কী? যেকোনো একটি অনুবাদ কর্মের দৃষ্টান্ত দিয়ে বিষয়টি বুঝিয়ে দাও। ১০

৪। সবিমর্শ পুথি সম্পাদনার রীতি সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো। ১০

৫। যেকোনো একটি গবেষণাকর্মের পরিচয় দিয়ে 'মধ্যযুগের' বাংলা সাহিত্য সমালোচনায় তুলনামূলক ধর্মতত্ত্বের প্রয়োগযোগ্যতা বিষয়ে তোমার নিজস্ব ভাবনার পরিচয় দাও। ১০

৬। Clan সম্পর্কে তোমার ধারণাটি লিপিবদ্ধ করো। ১০

৭। বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের বাঙালির ইতিহাস রচনার প্রকল্প পরবর্তী সময়ের বাংলা সাহিত্যের ইতিহাস রচনাকে প্রভাবিত করেছিল কি? যেকোনো একটি সাহিত্যের ইতিহাসের উদাহরণের মাধ্যমে বিষয়টি বুঝিয়ে দাও। ১০

# Diamond Harbour Women's University

MA 2nd Year, 3rd Semester Examination, 2023

Subject: Bengali

Paper Code: Beng/Th/3S/CE/303D

**রবীন্দ্রজীবনের পর্বান্তর**

**Time: 2 hours** **Full Marks: 40**

---

যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও। ৪x১০=৪০

১. 'প্রভাতসংগীত' পর্বটি রবীন্দ্রজীবনে কেন গুরুত্বপূর্ণ সে সম্পর্কে আলোচনা করো। ১০

২. ১৯১২ সালের ইংল্যান্ড ভ্রমণ রবীন্দ্রনাথের জন্য কীভাবে তাৎপর্যপূর্ণ হয়ে উঠেছিল, বিশ্লেষণ করো। ১০

৩. রবীন্দ্রনাথের নোবেল প্রাপ্তি বিদেশে যে ধরনের প্রতিক্রিয়া সৃষ্টি করেছিল তার স্বরূপ সংক্ষেপে উল্লেখ করো।

১০

৪. প্রথম বিশ্বযুদ্ধ কালের রবীন্দ্রনাথের জীবন-দর্শন কীভাবে 'বলাকা' কাব্যে প্রকাশিত হয়েছে – সংক্ষেপে বুঝিয়ে দাও। ১০

৫. রবীন্দ্রনাথের স্বদেশপ্রেম ও রাজনৈতিক ভাবনা কীভাবে 'ঘরে বাইরে' উপন্যাসের মধ্যে ভাষা পেয়েছে, বুঝিয়ে দাও। ১০

৬. রাশিয়ায় থাকা কালে রবীন্দ্রনাথ সাম্প্রদায়িক সমস্যা সম্পর্কে নতুন ধারণা লাভ করেন- সে বিষয়ে সংক্ষেপে আলোচনা করো। ১০

৭. মার্কিন সভ্যতা সংস্কৃতি সম্পর্কে যৌবনে রবীন্দ্রনাথের উপলব্ধি কেমন ছিল – অতি সংক্ষেপে বুঝিয়ে দাও। ১০

৮. দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময়ে ভারতের অপশাসন ও সাম্প্রদায়িকতার প্রসঙ্গ কবির জীবনের অন্তিম ভাষণে কীভাবে প্রকাশিত হয়েছে জানাও। ১০

Diamond Harbour Women's University
M.A 2nd Year 3rd Semester Examination, 2023
Subject: Bengali

## আধুনিক বাংলা উপন্যাস

Paper Code: Beng/Th/3S/CE/303 E

Full Marks-40 Time- 2 hours

---

যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও। ৪x১০=৪০

১. 'Aspects of Novel' অনুযায়ী উপন্যাস পড়ার জন্য গঠনগতভাবে কোন কোন বিষয়কে বুঝতে হবে? তুমি কি মনে করো, উপন্যাস পড়ার জন্য পাঠক হিসেবেও এগুলো জানা জরুরি?- তোমার মতামত জানাও।
৭+৩ = ১০

অথবা

২. 'The Craft of Fiction'-এ তত্ত্বগতভাবে কোন্ বিষয়ের ওপর জোর দেওয়া হয়েছে ও কেন? ১০

৩. 'তিতাস একটি নদীর নাম' উপন্যাসের 'প্রবাস খণ্ড'-এ মালোদের বিনোদনের জগতটি কীভাবে উঠে এসেছে তা বিশ্লেষণ করো। ১০

অথবা

৪. 'ভাসমান' অংশটি 'তিতাস একটি নদীর নাম' উপন্যাসে গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে কেন সেই বিষয়ে আলোকপাত করো। ১০

৫. 'অন্তর্জলী যাত্রা' উপন্যাসের শেষে লেখক জানিয়েছেন, "কোথাও এখনও মায়া থাকিয়া গেল"— এই উপন্যাসে 'মায়া' প্রসঙ্গটি কীভাবে বিশেষ বক্তব্য প্রকাশ করেছে তা দেখাও। ১০

অথবা

৬. যশোবতী আর সীতারামের যে দাম্পত্য জীবনের পরিচয় উপন্যাসে পাওয়া যায় তার পরিচয় দাও। ১০

৭. '...যুগসন্ধিক্ষণের একটা জীবন্ত ছবি তোমার বনপলাশির পদাবলী। সারা বাঙ্গালার একটা পটপরিবর্তনের প্রতীক।' – বক্তব্যটি যথার্থ কিনা তা উপন্যাস অবলম্বনে আলোচনা করো। ১০

অথবা

৮. 'বনপলাশির পদাবলী' উপন্যাসে গিরিজাপ্রসাদ চরিত্রায়ণে রমাপদ চৌধুরীর মুনশিয়ানার পরিচয় দাও। ১০

৯. নবারুণ ভট্টাচার্যের 'লুব্ধক' উপন্যাসটিতে কুকুর-উপকথা এবং বিজ্ঞানকে কীভাবে মিলিয়ে দেওয়া হয়েছে তা আলোচনা করো। ১০

অথবা

১০. 'লুব্ধক' উপন্যাসটিতে কুকুর নিধনের পরিকল্পনা প্রস্তাব এবং তার বিরুদ্ধ অভিমতগুলির আলোচনার মধ্যে দিয়ে এ উপন্যাসের বক্তব্যকে পরিস্ফুট করো। ১০

# Diamond Harbour Women's University

MA 2nd Year, 3rd Semester Examination, 2023

Subject: Bengali

Paper Code: Beng/Th/3S/CE/303 F

ভাষাবিজ্ঞানের নানা প্রস্থান

**Time: 2 hours** **Full Marks: 40**

---

**নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও।** **৪x১০=৪০**

১. পতঞ্জলি ও কাত্যায়ন ভাষাচর্চার ইতিহাসে কতটা গুরুত্বপূর্ণ বলে তুমি মনে করো? ১০

অথবা

২. থ্রাক্সের ভাষাচর্চার মূল বিষয় ও বৈশিষ্ট্যগুলির পর্যালোচনা করো। ১০

৩. স্ফোটতত্ত্ব সম্পর্কে তোমার ধারণা ব্যক্ত করে ভারতীয় স্ফোটতত্ত্ব বিষয়ে ভর্তৃহরির চিন্তা সংক্ষেপে বুঝিয়ে দাও। ৩+৭=১০

অথবা

৪. পাশ্চাত্যের মধ্যযুগে ভাষা নিয়ে বিভিন্ন চিন্তার যে পরিচয় পাওয়া যায় তা জানাও এবং মডিস্টিক প্রস্থানের মূল তত্ত্ব সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫+৫=১০

৫. ভাষা উদ্ভবের কারণ হিসেবে প্রচলিত মতবাদগুলি যুক্তিসহ পর্যালোচনা করো। ১০

অথবা

৬. ভারতীয় আর্যভাষা থেকে বাংলা ভাষা সৃষ্টির ইতিহাসটি সংক্ষেপে বর্ণনা করো। ১০

৭. ভাষার শ্রেণি নির্ণয়ে প্ররূপগত বিভাগটির ভুমিকা সংক্ষেপে আলোচনা করো। ১০

অথবা

৮. ভারতীয় লিপির উৎস কোন লিপি? উৎস থেকে বাংলা লিপির উদ্ভবের ইতিহাসটি বর্ণনা করো। ১+৯=১০

Diamond Harbour Women's University

M.A. 2nd Year, 3rd Semester Examination, 2023

Subject: Bengali

Paper Code: Beng/Th/3S/CE/304A

তত্ত্ববিশ্বের বিকাশ এবং পারম্পর্য

সময়- ২ ঘন্টা                                                                 পূর্ণমান- ৪০

যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও—

১। ভারতবর্ষে ভক্তি আন্দোলনের ধারায় দক্ষিণ ভারত বনাম উত্তর ভারত এই বিতর্কটিকে তুমি কীভাবে পড়তে চাও? আলোচনা করো। ১০

২। গৌড়ীয় বৈষ্ণব রসশাস্ত্র কোথায় আচার্য ভরতের রসের ধারণা থেকে আলাদা? উদাহরণসহ ব্যাখ্যা করো। ১০

৩। কবীরের মতবাদটি তোমার নিজের ভাষায় বুঝিয়ে দাও। ১০

৪। তন্ত্রসাধনার ধারায় কুল বলতে কী বোঝায়? কুলের বিভিন্নতা এবং তাদের সাহিত্য নিয়ে সংক্ষেপে আলোচনা করো। ১০

৫। হিন্দু-মুসলমানের যুক্ত সাধনার ধারা বলতে কী বোঝ? বঙ্গদেশে এই সাধনার প্রভাব কতদূর কার্যকর?— উদাহরণসহ লেখো। ১০

৬। বঙ্গে পীর পূজার ধারার পরিচয় দাও। পীরপূজায় কি গুরুবাদের কোন প্রভাব আছে? অভিমত জানাও। ১০

৭। টীকা- (যেকোনো দুটি) ৫X২=১০

ক। রাগাত্মিকা ভক্তি

খ। ছিন্নমস্তা মূর্তির অর্থ

গ। সূফি সাধনায় 'ফনা'

ঘ। কদমরসুল

Diamond Harbour Women's University
M.A. 2nd Year, 3rd Semester Examination, 2023
Subject: Bengali
Paper Code: Beng/Th/3S/CE/304 F
ধ্বনিবিজ্ঞান, রূপস্বনিমতত্ত্ব, শব্দার্থবিজ্ঞান ও অন্বয়তত্ত্বর প্রাথমিক ধারণা

Time: 2 hours                                                                 Full Marks: 40

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর লেখো।                                                    ৪ x ১০ = ৪০

১। নিম্নলিখিত শব্দগুলিতে কী ধরনের ধ্বনি পরিবর্তন হয়েছে, তা সঞ্জননী ধ্বনিতত্ত্ব অনুযায়ী বুঝিয়ে দাও (যেকোনো চারটি)

২.৫ x ৪ = ১০

স্ক্রু > ইস্ক্রু, বক > বগ, রত্ন > রতন, কম্প > কাঁপ, মাস্ক > মাক্স, চাঁদ > চাঁদা, রাধা > আধা

অথবা

২। নিম্নলিখিত ন্যূনতম শব্দজোড়গুলি থেকে কোন কোন স্বনিমকে তুমি আলাদা করে চিহ্নিত করতে পারো, এবং কেন তা বাংলা স্বনিমের স্বলক্ষণ তত্ত্ব অনুযায়ী সংক্ষেপে বুঝিয়ে দাও (যেকোনো চারটি) -                ২.৫ x ৪ = ১০

টান, দান, মান, পান, কান, ধান, খান, শান

৩। নিম্নলিখিত শব্দের রূপ নিরূপণ করো (যেকোনো পাঁচটি)                                ২ x ৫ = ১০

যাচ্ছি, নির্বাক, যুগান্তর, ঘুম, চন্দ্রালোক, রোদ্দুর, টিমটিম, দাতা, খাই, উক্তি

অথবা

৪। নিম্নলিখিত শব্দের সেটের দ্বারা বাংলা রূপস্বনিমতত্ত্বের বিশেষত্ব বুঝিয়ে দাও -                ১০

| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
|---|---|---|---|---|---|---|
| **সেট ১** | পড়ো | পড়ছ | পড়তে | পড়ছিলে | পড়েছিলে | পড়েছ |
| **সেট ২** | পড়ি | পড়ছি | পড়তাম | পড়ছিলাম | পড়েছিলাম | পড়েছি |

৫। শব্দার্থ পরিবর্তনের ক্ষেত্রে কোন ধারাগুলিকে তুমি গুরুত্ব দেবে এবং কেন? – উদাহরণসহ বুঝিয়ে দাও।        ১০

অথবা

৬। সঞ্জননী শব্দার্থতত্ত্ব সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।                                    ১০

৭। বৃক্ষ রেখাচিত্র দিয়ে তিন ধরনের আশ্রয়ধর্মী অমৌলিক বাক্যের গঠন বুঝিয়ে দাও।                  ১০

অথবা

৮। অব্যবহিত উপাদান গঠন (Immediate Constituent Structure) কাকে বলে? বাক্যের আন্বয়িক বিশ্লেষণের ক্ষেত্রে এর সীমাবদ্ধতা কোথায় তা দেখাও।                                                    ১০

# Diamond Harbour Women's University

M.A. (2nd Year) 3rd Semester Examination 2023

Subject: Bengali

Paper Code: Beng/Th/3S/CE/304 D

রবীন্দ্রনাথের চিন্তাজগৎ

**Time: 2 Hours** **Full Marks: 40**

---

**যেকোনো ৪টি প্রশ্নের উত্তর দাও।** **৪ x ১০ = ৪০**

১। "আমাদের জন্মভূমি তিনটি"— 'মানুষের ধর্ম' গ্রন্থের 'মানবসত্য' প্রবন্ধ অনুসারে এই তিনটি জন্মভূমির পরিচয় দাও। এই প্রবন্ধে রবীন্দ্রনাথ তাঁর পারিবারিক ঔপনিষদিক আবহের যে স্মৃতিচারণ করেছেন, তা সংক্ষেপে তুলে ধরো। ৭+৩=১০

২। রবীন্দ্রনাথ কেন 'বিশ্বপরিচয়'-এর মতো একটি গ্রন্থ রচনা করতে গেলেন তা গ্রন্থটির 'উৎসর্গ' অনুসারে বিশ্লেষণ করো। ১০

৩। বয়কট আন্দোলন ও বিপ্লবী সন্ত্রাসবাদের বিরুদ্ধে রবীন্দ্রনাথের অভিমত অতি সংক্ষেপে বুঝিয়ে দাও। ১০

৪। 'সভ্যতার সংকট' প্রবন্ধ অবলম্বনে রবীন্দ্রনাথের রাষ্ট্রভাবনা সংক্ষেপে বিশ্লেষণ করো। ১০

৫। 'নূতন ও পুরাতন' প্রবন্ধে রবীন্দ্রনাথ 'নূতন' কাকে বলেছেন এবং 'পুরাতন' বলতে কী অভিমত প্রকাশ করেছেন? নূতন-পুরাতনের এই অবস্থানকে তিনি কীভাবে দেখেছেন সে বিষয়ে যথাযথ আলোচনা করো। ১+১+৮ =১০

৬। "আমাদের সমাজ বদ্ধ সমাজ। একে তো আভ্যন্তরিক সহস্র আইনে বদ্ধ, তাহার পরে আবার ইংরেজের আইনেও বাহির হইতে আষ্টেপৃষ্ঠে বন্ধন পড়িয়া গেছে।"—প্রাবন্ধিক রবীন্দ্রনাথ কোন প্রসঙ্গে এই বক্তব্য উত্থাপন করেছেন? প্রসঙ্গ উল্লেখসূত্রে এই সমাজবদ্ধতার রূপটি পরিস্ফুট করো। ১০

৭। 'শিক্ষাসমস্যা' প্রবন্ধে রবীন্দ্রনাথ 'শিক্ষক' বনাম 'গুরু' বিষয়ক যে তুলনাটি একাধিকবার উপস্থিত করেছেন তার তাৎপর্য বিশ্লেষণ করো। ১০

৮। শিক্ষা ও সংস্কৃতিতে সংগীতের স্থান সম্পর্কে রবীন্দ্রনাথের মতামত সংশ্লিষ্ট প্রবন্ধ অনুসারে সংক্ষেপে আলোচনা করো।

১০

# Diamond Harbour Women's University

M.A. (2nd Year) 3rd Semester Examination 2023

Subject: Bengali

Paper Code: Beng/Th/3S/CE/304 E

আধুনিক বাংলা ছোটগল্প

**Time: 2 Hours** **Full Marks: 40**

---

**যেকোনো ৪টি প্রশ্নের উত্তর দাও।** **৪ x ১০ = ৪০**

১। অ্যালান ছোটগল্প পাঠের একটি সুনির্দিষ্ট পরিমিত সময় নির্ধারণ করেছেন। ছোটগল্প পাঠের ক্ষেত্রে সে অভিমত কতখানি প্রযোজ্য বলে তোমার মনে হয় যুক্তিসহ বিশ্লেষণ করো। ১০

২। মহাশ্বেতা দেবীর লেখা 'পিণ্ডদান' গল্পটি আসলে কোন বিষয়ের গল্প—পৌরাণিক আকল্পের, বাবা-ছেলের সম্পর্কের, সমকালীন রাজনৈতিক পরিস্থিতির, এই সবক'টি বিষয়েরই নাকি কোনোটিরই নয়, সম্পূর্ণ অন্য কিছুর? এ বিষয়ে তোমার নিজস্ব মতামত সংক্ষেপে লেখো। ১০

৩। নরেন্দ্রনাথ মিত্রের 'অবতরণিকা' গল্পের শেষে আরতির চাকরি ছেড়ে দেওয়ার বিষয়টি তার পারিবারিক ও আর্থ-সামাজিক অবস্থানের সাপেক্ষে কি সমর্থনযোগ্য? তোমার বক্তব্য যুক্তিসহ লেখো। ১০

৪। শীর্ষেন্দু মুখোপাধ্যায় তাঁর 'রাজার বাগানে' গল্পে 'বাক্য' ও 'নীরবতা'-কে অতিক্রম করে যে 'সংকেত'-এর কথা বলেন তার তাৎপর্য গল্প অবলম্বনে বুঝিয়ে দাও। ১০

৫। শীর্ষেন্দু মুখোপাধ্যায় 'দূরত্ব' গল্পে শিক্ষিত মধ্যবিত্তের যে সংকটকে তুলে ধরেছেন তা সংক্ষেপে পর্যালোচনা করো। ১০

৬। অমর মিত্রের 'বিভূতিবাবুর দেশ' গল্পটি বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের 'আরণ্যক' উপন্যাসকে অনুসরণ করেও কীভাবে গল্পরচনার সমকালকে প্রাসঙ্গিকভাবে তুলে ধরেছে তা বিশ্লেষণ করো। ১০

৭। 'মোবাইল সোনা' গল্পে স্বপ্নময় চক্রবর্তী যেভাবে একটি নির্দিষ্ট সময়ের যান্ত্রিকতাকে তুলে ধরেছেন তার স্বরূপ আলোচনা করো। ১০

৮। 'সভ্যতাটা বোধ হয় শেষ হবে রক্তে।...' — ঝড়েশ্বর চট্টোপাধ্যায়ের গল্পের এই শেষতম বাক্যের সঙ্গে জুড়ে আছে গল্পখানি নির্মাণের পটভূমি। সে বিষয়ে যথাযথ অভিমত জ্ঞাপন করো। ১০

# Diamond Harbour Women's University

MA 2nd Year, 3rd Semester Examination, 2023

Subject: Bengali

Paper Code: Beng/Th/3S/305-A

বাংলা সাহিত্য: স্নাতকোত্তর প্রবেশক

Time: 2 hours　　　　Full Marks: 40

---

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও।　　　　৪x১০=৪০

১. 'সুভাষ মুখোপাধ্যায় রোমান্টিক হয়েও সংগ্রামী'- নিজের অভিমত সহ মন্তব্যটির পর্যালোচনা করো।　১০

অথবা

২. 'ফুল ফুটুক না ফুটুক' কবিতায় 'প্রজাপতি' চিত্রকল্পটির প্রাসঙ্গিকতা কবিতা অবলম্বনে বুঝিয়ে দাও।　১০

৩. ত্রৈলোক্যনাথ মুখোপাধ্যায়ের 'কঙ্কাবতী' উপন্যাসটির অভিনবত্ব বিষয়ে আলোচনা করো।　১০

অথবা

৪. ত্রৈলোক্যনাথ মুখোপাধ্যায়ের 'কঙ্কাবতী' উপন্যাসটিকে কি শুধুমাত্র শিশুপাঠ্য বলে দাবি করা যায়? যুক্তিসহ অভিমত জানাও।　১০

৫. প্রহসনকার হিসেবে মধুসূদন দত্তের মুনশিয়ানার পরিচয় দাও।　১০

অথবা

৬. গণনাট্যকার হিসেবে বিজন ভট্টাচার্যের কৃতিত্ব বিচার করো।　১০

৭. 'পোস্টমাস্টার' গল্পে রবীন্দ্রনাথ মাঝে মাঝেই উলাপুর গ্রামের প্রকৃতির কথা বলেছেন সবিস্তারে। এই নিসর্গ বর্ণনা কি গল্পের কথাবস্তু বর্ণনার জন্য অনিবার্য ছিল? তোমার মতামত জানাও।　১০

অথবা

৮. 'জীবনস্মৃতি' অবলম্বনে রবীন্দ্রনাথের প্রথাগত পড়াশোনার প্রতি মনোভাব কেমন ছিল তা সংক্ষেপে আলোচনা করো।　১০